



## নারীকে কি পুরুষের সহযোগী হিসেবে তৈরি করা হয়েছে?

হ্যাঁ, কিন্তু আপনি যেমন ভাবছেন তেমন না! পয়দায়েশ ২:২০ রুকুতে বলে:

“আর সদাশ্রুত আল্লাহ্‌ কহিলেন, মনুষ্যের একাকী থাকা ভাল নয়।  
আমি তাহার জন্য অনুরূপ সহকারিণী নির্মাণ করি।”

তাহলে সহকারিণী ও অনুরূপ অর্থ কি?

সহকারিণী শব্দটি হিব্রু শব্দ **EZER** (উচ্চারণ “ay-zer”). Ezer শব্দটি পুরাতন নিয়মে ২১ বার ব্যবহৃত হয়েছে। এখন একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন:

**কিভাবে প্রাথমিক সহকারী (ezer) কে? সাধারণত কাকে সহকারী হিসেবে বর্ণনা করা হয়েছে?**

২১ বারের মধ্যে ১৬ বারই **ezer** বলতে বোঝানো হয়েছে.. আল্লাহ্‌কে!

আল্লাহ্‌ই একমাত্র যিনি শত্রুদের বিপক্ষে আমাদেরকে সাহায্যতা করেন ও মৃত্যুর হাত থেকে আমাদেরকে উদ্ধার করেন। আল্লাহ্‌ই একমাত্র যিনি আমাদেরকে সাহায্য করেন, চরম ও সামরিক শক্তি দেখান ছোট ছোট (মূসা, দায়ূদ, ইয়াকুব..ইত্যাদি) দলের প্রতি। ১৬ বার আল্লাহ্‌কে বলা হয়েছে **ezer**। তিনবার **ezer** উল্লেখ করা হয়েছে যখন ইস্রায়েলের শক্তিশালী সামরিক সাহায্য দরকার ছিল। আর বাকি দুইবার **ezer** ব্যবহার করা হয়েছে পয়দায়েশকে নারীদেরকে বোঝাতে। নিচে পুরাতন নিয়মের সবগুলি রেফারেন্স দেখুন। যখন হিব্রু শ্রোতার শব্দটি শুনতো তারা মনে করতো “উদ্ধার পাওয়ার শক্তি” অথবা “সাহায্যের কাছে পৌঁছানোর শক্তি।”

## EZER = শক্তি

স্পষ্টতই, শব্দটি গার্হস্থ্য দায়িত্ব বা আজ্ঞানুবর্তী বা ক্রীতদাসতুল্য কোন সম্পর্ক নেই। এই বিষয়ে চিন্তা করুন.. যদি আপনার অঙ্কে সাহায্য প্রয়োজন হয় তাহলে আপনি কি এমন কাউকে খুঁজবেন যে আপনার থেকে কম পারে? যদি আপনাকে কেউ আক্রমণ করে তাহলে কি আপনি এমন কারো সাহায্য চাইবেন যে আপনার থেকে দুর্বল? না! আপনি অবশ্যই এমন কারো সাহায্য চাইবেন যে আপনার থেকে শক্তিশালী, দক্ষ ও আপনার চেয়ে বেশি সক্ষম।

**Ezer** আল্লাহের চরিত্রকে বর্ণনা করে। আল্লাহ্‌ উদ্ধারকারী, রক্ষাকারী, প্রতিরোধকারী, সাহায্যকারী। আল্লাহ্‌ দুর্বলদেরকে মূল্যবান ও প্রয়োজনীয় শক্তি দেন। আল্লাহ্‌ নারীদেরকে বর্ণনা করতে এই একই শব্দ ব্যবহার করেছেন যেই শব্দ তিনি নিজের জন্য ব্যবহার করেছেন!

ঐহীহোক, সহকারিণী বা সাহায্যকারী শব্দের পরের শব্দটি উপযুক্ত, হিব্রুতে শব্দটি হলো **K'NEGEDU**. **K'negedu** শব্দটি এসেছে **neged** থেকে। এর অর্থ সামনে, দৃষ্টির সামনে, মুখোমুখি, প্রতিরূপ ইত্যাদি। **K'** শব্দ অর্থ সমভাবে, মতো, অনুযায়ী। তাহলে **k'negedu ezer** শব্দটিকে কিছুটা ভিন্ন মাত্রা এনে দিচ্ছে যা আল্লাহের নিখুঁত ঐকতান প্রকাশ করে।

## K'NEGEDU = সমান, আয়নার প্রতিরূপের মতো।

আল্লাহ্‌ নারীর সৃষ্টি দ্বারা এমন “শক্তি” বা “ক্ষমতা” সৃষ্টি করতে চেয়েছেন যা পুরুষের সাথে সঙ্গত হবে- “সমান শক্তি”। এই অধ্যায়ে এমন কিছু নেই যা নারীকে পুরুষের চেয়ে নিম্ন পদস্থ, দুর্বল, কম, সীমিত অথবা কম কর্তৃত্বের প্রমাণ করে। আল্লাহ্‌ নারী ও পুরুষকে বিশ্বব্যাপী লক্ষ্যের শক্তিশালী পরিপূরক হতে সৃষ্টি করেছেন!

**EZER** এর পুরাতন নিয়মের রেফারেন্স:

আল্লাহ্‌কে নির্দেশ করে এমন ১৬ টি অংশ- :

হিজরত ১৮:১৪; দ্বিতীয় বিবরণ ৩৩:৭, ২৬, ২৯, জবুর ২০:২, ৩৩:২০, ৭০:৫,  
৮৯:১৯, ১১৫:৯, ১০, ১১; ১২১:১, ২; ১২৪:৮; ১৪৬:৫, হোসিয়া ১৩:৯

যেসব রুকুতে আল্লাহ্‌কে নির্দেশ করে না:

পয়দা ২:১৮, ২০; ইসাইয়া ৩০:৫; ইহিস্কেল ১২:১৪; দানিয়েল ১১:৩৪

### চারটি গুরুত্বপূর্ণ প্রশ্ন

১. এই পৃষ্ঠাটি আল্লাহ্‌ সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
২. জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
৩. আমি কোন আদেশটি পালন করবো?
৪. আমি এটি কার কাছে বলতে পারি?

